

**স্বাস্থ্য সেবা:** শ্রমিক এবং শ্রমিক পরিবারের সদস্যগণ শ্রম কল্যাণ কেন্দ্রে এসে বিনামূল্যে চিকিৎসা সেবা নিতে পারবেন এবং অত্র দপ্তরের চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিনামূল্যে ঔষধপত্র পাবেন। এছাড়াও শ্রমিকের স্বাস্থ্য কথা এ্যাপস এর মাধ্যম ফোন করে চিকিৎসা সেবা নিতে পারবেন।

**পরিবার পরিকল্পনা সেবা:** শ্রমিক এবং শ্রমিক পরিবারের সদস্যগণ অত্র দপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তার নিকট প্রজননগত স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সম্পর্কে পরামর্শ ও জন্মনিয়ন্ত্রন সামগ্রী নিতে পারবেন।

**বিনোদন সেবা:** শ্রম কল্যাণ কেন্দ্রে বিভিন্ন প্রকার চিত্তোবিনোদন সামগ্রী ( সংবাদপত্র, টেলিভিশন, বই-পুস্তক, পত্রিকা, খেলাধুলার সরঞ্জাম) রয়েছে। শ্রমিক এবং শ্রমিক পরিবারের সদস্যগণ শ্রম কল্যাণ কেন্দ্রে এসে এগুলোর সুবিধা গ্রহণ করতে পারেন।

**প্রশিক্ষণ সেবা:** শ্রম কল্যাণ কেন্দ্রে শ্রমিকদের জন্য “শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ” শীর্ষক ০৫ দিন মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা থাকে। এ প্রশিক্ষণের মাধ্যমে শ্রমিকরা দেশের শ্রম আইন, শ্রমিকদের অধিকার ও দায়িত্ব, উৎপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে জ্ঞান লাভ করতে পারেন। প্রশিক্ষণে উপস্থিতি সাপেক্ষে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। অত্র দপ্তরের পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখে মনোনিত শ্রমিকগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন।

**গণশুনানী:** সপ্তাহে প্রতি সোমবার অত্র দপ্তরে গণশুনানী গৃহীত হয়। মালিক এবং শ্রমিকগণ শ্রম কল্যাণ কেন্দ্রে এসে গণশুনানীতে অংশগ্রহণ করতে পারেন।

**শ্রমিকদের জীবন যাত্রার মান উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান:** শ্রম কল্যাণ কেন্দ্রের কর্মকর্তা / কর্মচারী কর্তৃক শ্রমিক কলোনিসমূহ পরিদর্শনের মাধ্যমে শ্রমিকদের জীবন যাত্রার মান উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।